গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক পরিচালিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ৩১ মে, ২০২৩। |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোহার, ঢাকা এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি জেলার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি সকলের সাথে পরিচিত হন। তিনি মাঠ পর্যায়ের কর্মকর্তা ও অংশীজনদের বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিষ্ঠার পর থেকে সহযোগিতা করার জন্য কৃতজ্ঞতা জানান। আগামী দিনগুলোতেও এ ধারা অব্যাহত থাকবে মর্মে আশা প্রকাশ করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সকল অংশীজনের ভূমিকার উপর গুরুত্বারোপ করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুণগর্ঠন | সভাপতির অনুমতিক্রমে সচিব, এনটিআরসিএ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রতিষ্ঠানকে প্রতি ত্রৈমাসিকে নির্ধারিত কাজসমূহ সম্পাদন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হয়। সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ লক্ষ্যে কাজ করে থাকেন। তিনি আরো বলেন কর্মপরিকল্পনার ১.১ অনুচ্ছেদে ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে। যদি বিদ্যমান কমিটির কোন সদস্য পরিবর্তন না হয় তাহলে পূর্বের কমিটিই বলবৎ রয়েছে মর্মে পত্র মারফত উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে দিতে হবে।<br><br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ১.২ অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিকে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। কমিটি কর্তৃক সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | (১.১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।<br><br>(১.২) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন | সচিব, এনটিআরসিএ বলেন বলেন যে, কর্মপরিকল্পনার ১.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার আলোচনা অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নাই সে সকল প্রতিষ্ঠানকে অভ্যন্তরীণভাবে সভার আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে এনটিআরসিএ দপ্তরের তিনটি অনুবিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভার আয়োজন করা হয়েছে। সভাপতি একইভাবে সকল প্রতিষ্ঠানকে প্রতি ত্রৈমাসিকে উক্ত সভা করার গুরুত্বারোপ করেন। | প্রত্যেক প্রতিষ্ঠানে প্রতি ০৩ মাসে ১টি সভার আয়োজন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| এন.টি.আর.সি.এ. এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদকরণ | সচিব, এনটিআরসিএ বলেন সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর ১.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা সহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। | প্রতিষ্ঠান ভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে আপলোড ও প্রদর্শন করবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | সচিব, এনটিআরসিএ জানান নির্দেশিকার অনুচ্ছেদ নং ২.১-তে উল্লেখ রয়েছে, কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। | কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন সম্পন্ন করবেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন সম্পন্নকরণ। | সচিব, এনটিআরসিএ জানান নির্দেশিকার অনুচ্ছেদ নং ২.২-তে অংশীজনের অংশগ্রহণে ২টি সভার আয়োজন করা হলে বর্ণিত সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে মর্মে উল্লেখ আছে । এ প্রসঙ্গে তিনি বলেন যে, এনটিআরসিএ'র ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ২য় সভাটি অদ্য অনুষ্ঠিত হচ্ছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ০২ টি সভার আয়োজন সম্পন্ন করবেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| এনটিআরসিএ এর সেবা প্রদান প্রতিশ্রুতি সভায় অবহিতকরণ | সচিব, এনটিআরসিএ প্রতিষ্ঠানের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিটি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন এনটিআরসিএ সেবা প্রদান প্রতিশ্রুতিতে ২৭টি নাগরিক সেবা, ৯টি প্রাতিষ্ঠানিক সেবা, ৮টি অভ্যন্তরীণ সেবার উল্লেখ রয়েছে। তিনি আরো বলেন নাগরিক ও অভ্যন্তরীণ সেবায় উল্লিখিত সেবাসমূহ সেবা গ্রহীতারা নির্ধারিত সময়ের সীমার মধ্যে পাচ্ছেন কিনা, সে বিষয়ে সেবা গ্রহীতাগণ মতামত জানাতে পারবেন। যদি কেহ নির্ধারিত সময়ের মধ্যে সেবা না পান সে বিষয়েও কর্তৃপক্ষকে অবহিত করতে পারবেন। | প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত নির্ধারিত সময় সীমার মধ্যে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভাপতি সকল কর্মকর্তাগণকে এ প্রতিষ্ঠানের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ধন্যবাদ জানান। তিনি আশা পোষণ করেন শূন্য পদ পূরণের তথ্য প্রেরণ, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শিক্ষক সুপারিশে জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রতিষ্ঠান প্রধানগণ কার্যকর ভূমিকা পালনের পাশাপাশি নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে তাদের দায়িত্ব পালন করবেন। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

EQKhan

১৩-০৬-২০২৩
মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান
০২-৪১০৩০০৪৩
chairman@ntrca.gov.bd

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.১২৭২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কর্মকর্তা (সকল), এনটিআরসিএ, ঢাকা;
২। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, দোহার, ঢাকা এবং
৩। পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

১৪-০৬-২০২৩
মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)